

তুরস্ক প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রীর ভারত সফর
(আগস্ট ১৮-১৯, ২০১৬)

পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজের আমন্ত্রণে ভারত সফরে এলেন তুরস্কের বিদেশমন্ত্রী মহামান্য জনাব মেভলুত কাভুসোগলু, ১৮-১৯ আগস্ট, ২০১৬।

ভারত এবং তুরস্ক নিয়মিত উচ্চ পর্যায়ের বিনিময় পরিদর্শন করে। ভারতের মাননীয় প্রধানমন্ত্রী নভেম্বর ২০১৫ তুরস্ক সফরে গিয়েছিলেন জি-২০ শিখর সম্মেলনে যোগ দিতে। পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ নিজে জানুয়ারি ২০১৫ তুরস্ক সফরে গিয়েছিলেন।

সফরকালে পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ বিদেশমন্ত্রী কাভুসোগলু-র সঙ্গে বৈঠক করবেন ১৯ আগস্ট। বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্ক ছাড়াও পারস্পরিক স্বার্থজনিত গুরুত্বপূর্ণ বিশ্বজনীন এবং আঞ্চলিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বৈঠকে বিদেশমন্ত্রী কাভুসোগলু-র সঙ্গে ছিলেন তুরস্কের বিদেশমন্ত্রকের আধিকারিকদের একটি প্রতিনিধি দল। সফরকালে ভারতের পররাষ্ট্রমন্ত্রক এবং তুরস্কের বিদেশমন্ত্রক চূড়ান্ত করেছে আগামী বছরগুলির জন্য দু'দেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার একটি রূপরেখা।

বিদেশমন্ত্রী কাভুসোগলু ১৯ আগস্ট সাক্ষাৎ করেন মহামান্য উপ রাষ্ট্রপতির সঙ্গে।

বিদেশমন্ত্রী কাভুসোগলু-র এই ভারত সফরে দু'পক্ষ সহমত হয়েছে দু'দেশের মধ্যে উচ্চপর্যায়ের কার্যকর বিনিময় চালিয়ে যাওয়ার ব্যাপারে।

নয়াদিল্লি

আগস্ট ১৯, ২০১৬